বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মিছিল-সমাবেশে পুলিশের নিষেধাজ্ঞা উপেক্ষা করে আজো বিক্ষোভের ঘোষণা

টিউশন ফি'র ওপর মূল্য সংযোজন করা (ভ্যাট) প্রত্যাহারের দাবিতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আন্দোলনের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে ঢাকা মহানগর পুলিশ। এ নিয়ে রাস্তাঘাটে কোনো প্রকার মিছিল-সমাবেশ করা যাবে না। মহানগর পুলিশের কমিশনার এ কে এম শহীদুল হক স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই নিষেধাজ্ঞার কথা উল্লেখ করা হয়েছে। এদিকে আন্দোলনকারী ছাত্ররা পুলিশের নিষেধাজ্ঞা উপেক্ষা করে আজও বিক্ষোভের ঘোষণা দিয়েছে।

টিউশন ফি'র ওপর ভ্যাট প্রত্যাহারের দাবিতে গত ২৬ জুলাই রাজধানীর কয়েকটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা রাজপথে আন্দোলনে নামে। তারা মহাখালী-গুলশান সড়ক অবরোধ করে সেখানে যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা জানান, শিক্ষা তাদের মৌলিক অধিকার। শিক্ষার ওপর তারা কেন ভ্যাট দেবে। পুলিশ রাস্তা থেকে ছাত্রছাত্রীদের সরিয়ে দেয়ার চেষ্টা করে। না পেরে একপর্যায়ে পুলিশ তাদের ওপর ব্যাপক নির্যাতন চালায়। এতে বেশ কিছু শিক্ষার্থী গুরুতর আহত হন। এ নিয়ে দেশের সব মিডিয়ায় সংবাদ প্রকাশিত হয়। ঘটনাস্থল থেকে পুলিশ সাত শিক্ষার্থীকে আটক করে। পুলিশের দাবি শিক্ষার্থীদের ইটপাটকেলের আঘাতে তাদের ১২ সদস্য আহত হয়েছে। পুলিশ কমিশনার স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয় পুলিশ আইনশৃঙ্খলা রক্ষার্থে এবং গুরুত্বপূর্ণ বিমানবন্দর সড়ক ও মহাখালী-গুলশান সড়কে যান চলাচল সচল রাখার লক্ষ্যে উচ্ছৃঙ্খল শিক্ষার্থীদের লাঠি চার্জ করে ছত্রভঙ্গ করে দেয়। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে টিউশন ফি'র ওপর সরকার আরোপিত ভ্যাট প্রত্যাহারের দাবির বিষয়টি সংশ্লিষ্ট বেসরকারি বিশ্ববিদ্যালয় ও সরকারি বিভাগের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে সমাধান করা সম্ভব। কিন্তু আলোচনার মাধ্যমে সমাধানের পথে না গিয়ে কোমলমতি শিক্ষার্থীরা রাজপথে আন্দোলন, অবরোধ ও ভাঙচুরে লিপ্ত হয়েছে। যা কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য নয়। এর ফলে জনদুর্ভোগ সৃষ্টি হওয়ার পাশাপাশি জানমালের ব্যাপক ক্ষতি হওয়ার আশঙ্কা থাকে। এ ছাড়া পুলিশের হাতে গ্রেফতার ও মামলা হলে কোমলমতি শিক্ষার্থীদের শিক্ষাজীবন ব্যাহত হতে পারে।

সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, 'এমতাবস্থায় জন নিরাপত্তা সংরক্ষণ ও আইনশৃঙ্খলা রক্ষার স্বার্থে আমি এ কে এম শহীদুল হক, কমিশনার ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা মহানগর পুলিশ অধ্যাদেশ ১৯৭৬-এর ২৮ ও ২৯ ধারায় অর্পিত ক্ষমতাবলে শিক্ষার্থীরাসহ সংশ্লিষ্ট সবাইকে মূল্য সংযোজন করা প্রত্যাহারের দাবিতে সড়ক অবরোধ, গাড়ি, সম্পদ ভাঙচুর ও ধ্বংসাত্মক কাজে লিপ্ত হওয়া এবং শিক্ষার্থী কর্তৃক ঢাকা মহানগরের সব রাজপথ, সড়ক, গলি ইত্যাদি স্থানে সব মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠান নিষিদ্ধ ঘোষণা করছি।

পুলিশি নিষেধাজ্ঞা উপেক্ষা করে আজো বিক্ষোভের ঘোষণাঃ পুলিশি নিষেধাজ্ঞা উপেক্ষা করে আজ বিক্ষোভের ঘোষণা দিয়েছে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গত মঙ্গলবার দ্বিতীয় দিনের মতো তাদের প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত ছিল। এরই পরিপ্রেক্ষিতে গতকাল বিকেলে ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার রাজধানীতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যেকোনো ধরনের সমাবেশের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে।

আন্দোলনরত শিক্ষার্থীরা গত রাতে জানিয়েছেন, আজ আমরা ক্যাম্পাসে যাব এবং সেখান থেকেই পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে। নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী জানান, পুলিশ বিনা উসকানিতে নিরীহ ছাত্রদের ওপর হামলা চালিয়েছে, আমাদের বেশ কিছু সহপাঠীকে পুলিশ বিনা অপরাধে হামলা ও ধরে নিয়ে গেছে। এরই প্রতিবাদ জানাতে আমরা বিক্ষোভ করব।

শিক্ষার্থীদের ওপর পুলিশের নির্যাতন ও টিউশন ফির ওপর ভ্যাট প্রত্যাহারের দাবিতে মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দ্বিতীয় দিনের মতো বিক্ষোভ সমাবেশ অব্যাহত রাখে। তারা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরুদ্ধ করে। পুলিশ শিক্ষার্থীদের ছত্রভঙ্গ করতে লাঠিপেটা ও কাঁদানে গ্যাস শেল নিক্ষেপ করে। মঙ্গলবার সন্ধ্যা ৫টা পর্যন্ত বনানী এলাকায় বিক্ষিপ্ত সংঘর্ষ চলছিল।

ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির শিক্ষার্থীরা মঙ্গলবার সকাল ১১টার দিকে আমতলীতে গুলশান-১ মহাখালী সড়কের পাশে অবস্থান নিয়ে বিক্ষোভ সমাবেশের সূত্রপাত করে। এরপর বনানীতে সাউথ এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দুপুরে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে। ছাত্র বিক্ষোভের কারণে ওই এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাজধানীর অভিজাত এলাকা খ্যাত বনানী ও মহাখালী এলাকায় বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করতে হয়েছে।

শিক্ষার্থীরা বনানীর কাকলীতে বিকেল সাড়ে ৩টার দিকে মহাসড়ক অবরোধ করে। এর ফলে ওই সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায় এবং তীব্র যানজট সৃষ্টি হয়। পুলিশ বিকেল সাড়ে ৪টার দিকে লাঠিপেটা করে ও কাঁদানে গ্যাস নিক্ষেপ করে শিক্ষার্থীদের রাস্তা থেকে সরিয়ে দেয়।

গুলশান থানার ওসি কামাল উদ্দিন বলেন, বিক্ষুব্ধ ছাত্রদের রাস্তা থেকে সরাতে কমপক্ষে ৫০ রাউন্ড টিয়ার গ্যাস ব্যবহার করতে হয়েছে। এ সময় ছাত্ররা পুলিশকে লক্ষ করে ইটপাটকেল মারে ও কয়েকটি গাড়ি ভাঙচুর করে। তাদের ইটের আঘাতে কয়েকজন পুলিশ সদস্য আহত হয়েছে। পুলিশের সাথে সংঘর্ষের ঘটনায় ২০ জন আহত এবং পুলিশ সাতজন শিক্ষার্থীকে আটক করেছে।

পোশাক শিল্পে সর্বনিম্ন মজুরি ৩ হাজার টাকা উদ্যোক্তা-শ্রমিক কোনো পক্ষই সন্তুষ্ট নয়

অর্থনৈতিক প্রতিবেদক : দেশের তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিকদের সর্বনিম্ন মজুরি তিন হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। গত ২৭ এপ্রিল গঠিত নিম্নতম মজুরি বোর্ড ১৪টি বৈঠকের পর মঙ্গলবার এ মজুরি চূড়ান্ত করে মন্ত্রণালয়ে জমা দিয়েছে। শ্রম ও প্রবাসী কল্যাণমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন আজ আনুষ্ঠানিকভাবে এর ঘোষণা দেবেন। উদ্যোক্তা ও শ্রমিক পক্ষের প্রতিনিধির সমন্বয়ে সরকার কর্তৃক গঠিত মজুরি বোর্ডের এ সিদ্ধান্তের সাথে সব সদস্য একমত হলেও মালিক-শ্রমিক কোনো পক্ষই এতে পুরোপুরি সন্তুষ্ট হতে পারেনি। শ্রমিক পক্ষের প্রতিনিধি চুক্তিপত্রে স্বাক্ষর করলেও এখনো পর্যন্ত উদ্যোক্তাদের প্রতিনিধি স্বাক্ষর করেননি বলে জানা গেছে। নির্ধারণকৃত সাত স্তরের এ মজুরি কাঠামোর বাকিগুলো পরে ঘোষণা করা হবে বলে জানা গেছে।

মজুরি বোর্ডের সভাপতি ইকতেদার আহমেদের সভাপতিত্বে মঙ্গলবার অনুষ্ঠিত ন্যূনতম মজুরি বোর্ডের বৈঠকে শ্রমিক পক্ষের প্রতিনিধি হাবিবুর রহমান সিরাজ, উদ্যোক্তাদের প্রতিনিধি শফিউল ইসলাম মহিউদ্দিনসহ অন্য সদস্যরা উপস্থিত ছিলেন। বৈঠক শেষে তারা জানান, ন্যূনতম মজুরি সর্বসাকুল্যে তিন হাজার টাকা করার সুপারিশ করার বিষয়ে সিদ্ধান্ত নিয়েছেন তারা। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তারা বলেন, নির্ধারিত মজুরির মধ্যেই শ্রমিকদের জন্য চিকিৎসার জন্য ২০০ টাকা এবং বাসা ভাড়া বাবদ ৮০০ টাকা করার সুপারিশ করেছেন তারা। বৈঠক শেষে বোর্ড চেয়ারম্যান ইকতেদার আহমেদ জানান, শ্রমিকদের ন্যূনতম মজুরি তিন হাজার টাকার ব্যাপারে সব পক্ষ ঐকমত্যে পৌঁছেছেন। শ্রমিক প্রতিনিধিরা সুপারিশ মেনে নিয়েছেন। তবে আপত্তি না থাকলেও মালিকপক্ষ খসড়ায় স্বাক্ষর করেনি। মালিক প্রতিনিধি বিজিএমই সহসভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন বলেন, প্রস্তাবিত তিন হাজার টাকা মেনে নিতে তাদের আপত্তি নেই। বিজিএমইএ, বিকেএমইএ ও বিটিএমই নেতাদের সাথে কথা বলে স্বাক্ষর করার সিদ্ধান্ত নেবেন বলেও জানান তিনি।

বৈঠক শেষ করেই মজুরি বোর্ডের সব সদস্য শ্রমমন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেনের সাথে শ্রম মন্ত্রণালয়ে আরেকটি বৈঠকে বসেন। সেখানে উপস্থিত ছিলেন তৈরী পোশাক খাতের মালিকদের সংগঠন বিজিএমইএ'র সভাপতি আব্দুস সালাম মুর্শেদী, বিকেএমইএ সভাপতি এ তে এম সেলিম ওসমান, এফবিসিসিআই সভাপতি এ কে আজাদ প্রমুখ। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিজেএমইএ কর্তৃপক্ষকে পোশাক শ্রমিকদের ন্যূনতম মজুরি তিন হাজার টাকা করার নির্দেশনা দেন। ২০০৬ সালে নির্ধারিত বর্তমান সর্বনিম্ন মজুরি ঠিক করা আছে এক হাজার ৬৬২ টাকা ৫০ পয়সা।

সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবিঃ মজুরি বোর্ডের এ সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবি জানিয়ে গার্মেন্টস শ্রমিকদের বিভিন্ন সংগঠন গতকাল সমাবেশ করেছে ও বিবৃতি দিয়েছে। তিন হাজার টাকা মজুরি কোনোভাবেই গ্রহণযোগ্য নয় উল্লেখ কর সরকারের কাছে তারা এ সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবি জানিয়েছেন। অন্যথায় বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলেও ঘোষণা দিয়েছেন তারা। গার্মেন্টস শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক কে এম রুহুল আমিন, টেক্সটাইল গার্মেন্টস ওয়ার্কার্স ফেডারেশনের সভাপতি আবুল হোসাইন ও সাধারণ সম্পাদক তপন সাহা, শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদের সমন্বয়ক ডা ওয়াজেদুল ইসলাম খান, গার্মেন্টস শ্রমিক সংগ্রাম পরিষদের সভাপতি বাহারানে সুলতান বাহার, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট নেতৃবৃন্দ পৃথক বিবৃতিতে এ সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে আজ বৃহস্পতিবার বিক্ষোভসহ বিভিন্ন কর্মসূচি পালনেরও ঘোষণা দেয়া হয়েছে। গার্মেন্ট সেক্টরের মালিকদের সংগঠন বিজিএমইএ ও বিকেএমইএ নেতারা গতকাল যৌথ বৈঠকে বসেন। বৈঠক শেষে তারাও মজুরি নির্ধারণের পাশাপাশি উদ্যোক্তাদেও বিভিন্ন সমস্যার বিষয়ে সরকারের সুদৃষ্টি কামনা করেন।

হালাল খাবারের বিশ্বস্ত প্রতিষ্ঠান
বৈশাখী রেস্টুরেন্ট
BAISHAKHI RESTAURANT
54 Hanbury Street, London E1 5JL
Tel: + 44(0)2072470909, Mob: 07956975642

প্রতিদিনের খাবার তালিকায় থাকছে বাংলাদেশী মাছ-ভাত, শাক-সবজি, বিরানী, শুটকী, হিদল-চাটনি, গরুর সিনা (সাতকরা), মাছের ভূনা, নানা জাতের ছোট-বড় মাছের তরকারী, কলিজি ভূনা, মগজ ভুনা ইত্যাদির স্বাদ নিন।

সভা, সেমিনার, প্রেসকনফারেন্স এর জন্য আজই বুকিং দিন

প্রতিদিনের স্পেশ্যাল আইটেম

সোমবার
Rice, মিট ভূনা, ডাল, সালাদ
মঙ্গলবার
Rice, চিকেন উরিবিচি, ডাল, সালাদ
বুধবার
Rice, গরু ভূনা, সাতকরা, ডাল, সালাদ
বৃহস্পতিবার
Rice, রুই মাছ ভূনা, ডাল, সালাদ
শুক্রবার
চিকেন বিরানী/মিট বিরানী, ভেজিটেবল কারী, সালাদ।

প্রতিদিন টেকআউটে বিশেষ আইটেম

প্রতিদিন টেইক আউটে বিশেষ অফার
কাবাবপুরি রুল, কাবাব চাপাতি রুল,
কাবাব নান রুল, কাবাবরুটি রুল,
তান্দুরি চিকেন

সামাজিক অনুষ্ঠান, সেমিনার, প্রেস-কনফারেন্স এর জন্য নিরিবিলি পরিবেশে ৫০ সিটের বসার ব্যবস্থা। সাথে থাকছে অতি কম মূল্যে তান্দুরি চিকেন, সমোচা, কাবাব, পাকুড়া, চানা বিরানী, পিয়াজি ইত্যাদি হালাল খাবার পরিবেশনের সুব্যবস্থা।
মহিলাদের সভা-সমিতির জন্য রয়েছে নিরাপদ ব্যবস্থা।
আজই যোগাযোগ করুন।
এছাড়া বিয়ে, গায়ে-হলুদ, জন্মদিন, সেমিনার, ঈদ, প্রেস-কনফারেন্স সহ বিভিন্ন পার্টির জন্য আমরা উন্নত মানের খাবার তাৎক্ষণিক অর্ডার ও সরবরাহ করে থাকি।

বিয়ে, ওয়ালিমা, জন্মদিন গায়ে হলুদ অনুষ্ঠানে বিশেষ অফার

১. স্টার্টার: তান্দুরি চিকেন, কাবাব, সমোচা
মেইনঃ- রাইছ, মিটকারী, চিকেন কারী, ভেজিটেবল ভাজী, ডাল, সালাদ
২. স্টার্টার: চিকেন টিক্কা স্টার্টার, কাবাব, সমচা
মেইনঃ- রাইছ, মিটকারী, চিকেন ভূনা, ভেজিটেবল ভাজী, ডাল, সালাত, ফিন্নী।

পরিচালনায়

মোঃ তৈমুছ আলী, (গলিভাই) ঐতিহ্যবাহী আলাদিন রেস্টুরেন্ট'র সত্ত্বাধিকারী ছিলেন

মোঃ মদরিছ আলী বাদশা

Admission now open
Plaistow Jamia Islamia (school) (For boys)
(formerly Jamia Madinatul Uloom) Charity Reg. No: 1129431
163-165 Balaam Street, Plaistow London E13 8AA
Academic Year : 2010-11 Classes: Year 7 upto GCSE

We provide the following facilities and education at an affordable tuition fee by graduated and qualified teachers.

National Curriculum, Full Aalim Course, Hifzul Quran

The following subjects are taught for Key stage 3

ENGLISH • MATHEMATIC • SCIENCE • GEOGRAPHY • HISTORY
ICT • PE • PSHE & CITIZENSHIP • ART & DESIGN.

Please Note: Limited Places available so please apply at your earliest convenience

Contact: Moulana Md Torik Ullah (Principal)
Tel: 0208 472 7001 / Mobile: 07944 861 572